গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২৩.০০৭.২০-

তারিখ- / /১৪২৯ বঃ
/ /২০২২ খ্রিঃ

**"অফিস আদেশ"**

১৬ ডিসেম্বর ২০২২ জাতীয় বিজয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

| ক্র: | কর্মসূচির শিরোনাম | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী দপ্তর/স্টেশন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৩. | জাতীয় ও বিভাগীয় পতাকা উত্তোলন | ১৬.১২.২০২২ (সূর্যোদয় হতে সুর্যাস্ত পর্যন্ত) | The People Republic of Bangladesh Flag Rules, 1972 অনুযায়ী জাতীয় পতাকা ও বিভাগীয় পতাকা উত্তোলন:দ | ▪ অধিদপ্তর<br>▪ বিভাগীয় দপ্তর....(সকল)<br>▪ ট্রেনিং কমপ্লেক্স<br>▪ জেলা সদর দপ্তর.. (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |
| ১৪. | পুষ্পস্তবক অর্পণ | ১৬.১২.২০২২ ০৭:৩০ মি. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পুষ্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলী অর্পণ; | ▪ মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর<br>▪ অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স | |
| ১৫. | আলোক সজ্জা; | ১৬.১২.২০২২ সূর্যাস্ত হতে ১৭.১২.২০২২ সূর্যোদয় পর্যন্ত | ১৬ই ডিসেম্বর রাত্রে অধিদপ্তরসহ সকল বিভাগীয় সদর দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও ফায়ার স্টেশনসমূহ লাল ও সবুজ রংয়ের বাতিতে আলোক সজ্জিতকরণ; | ▪ অধিদপ্তর<br>▪ বিভাগীয় দপ্তর.... (সকল)<br>▪ ট্রেনিং কমপ্লেক্স<br>▪ জেলা সদর দপ্তর.. (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |
| ১৬. | বাদ্য পরিবেশন | নির্ধারিত সময় ও স্থান | জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা/সোহরাওয়ার্দী উদ্যান/সদরঘাট-এ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা এর বাদক দল কর্তৃক স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব মেনে বাদ্য পরিবেশন; | ▪ অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স | |
| ১৭ | কুচকাওয়াজে অংশগ্রহণ | ১৬.১২.২০২২ জাতীয় ও স্থানীয় কর্তৃপক্ষের নির্ধারিত সময় | জাতীয় প্যারেড গ্রাউন্ড ও দেশের সকল জেলা/ উপজেলা সদরে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজ অনুষ্ঠানে স্থানীয় ফায়ার সার্ভিস অংশগ্রহণ করবে; | ▪ উপপরিচালক, ঢাকা বিভাগ<br>▪ সহকারী পরিচালক (সকল)<br>▪ উপসহকারী পরিচালক (সকল)<br>▪ এসএসও/এসও (সংশ্লিষ্ট) | |
| ১৮. | মুক্তিযুদ্ধ বিষয়ক ভিডিও প্রদর্শন | ১৬.১২.২০২২ ০০:০১ মি. হতে ২৩:৫৯ মি. | দাপ্তরিক ওয়েবসাইট/দাপ্তরিক ফেসবুক পেজে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক ভিডিও প্রদর্শন; | ▪ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মিডিয়া/আইসিটি সেল) | |
| ১৯. | নিরাপত্তা ইউনিট মোতায়েন | এসএসএফ ও নিরাপত্তা বাহিনী নির্ধারিত সময় | সাভার জাতীয় স্মৃতিসৌধে ও সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানস্থলসহ অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় জনবলসহ অগ্নি নির্বাপনী গাড়ি মোতায়েন রাখাসহ অ্যাম্বুলেন্স সংরক্ষণ; | ▪ সংশ্লিষ্ট উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ | |
| ২০. | সংরক্ষিত ইলেক্ট্রনিক বিলবোর্ড বঙ্গবন্ধুর ছবি ও বাণী প্রচার | ১৬.১২.২০২২ ০০:০১ মি. হতে ২৩:৫৯ মি. | সংরক্ষিত এলইডি ডিসপ্লেসহ ইলেকট্রিক ও ইলেকট্রনিক মাধ্যমে বঙ্গবন্ধুর বাণী প্রচার; | ▪ ডিএমডি (ফায়ার সার্ভিস কল্যাণ ট্রাস্ট) | |
| ২১. | কবিতা পাঠ এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন | ১৬.১২.২০২২ ০৯:০০মি. | অধিদপ্তরসহ অধীন দপ্তর/স্টেশন এর কর্মকর্তা-কর্মচারীগণের ছেলে-মেয়েদের মুক্তিযুদ্ধ ভিত্তিক গল্প ও কবিতা পাঠ এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন; | ▪ অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স<br>▪ উপপরিচালক, .. (সকল বিভাগ) | |
| ২২. | 'বঙ্গবন্ধু ও আমাদের স্বাধীনতা' শীর্ষক আলোচনা অনুষ্ঠান | ১৬.১২.২০২২ ১১:৩০ মি. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে বঙ্গবন্ধু ও আমাদের স্বাধীনতা' শীর্ষক আলোচনা অনুষ্ঠান আয়োজন; | ▪ অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স<br>▪ উপপরিচালক, .. (সকল বিভাগ) | |
| ২৩. | উন্নতমানের খাবার পরিবেশন | ১৬.১২.২০২২ ১৩:৩০ মি. | ১৬ ডিসেম্বর দুপুরে অধিদপ্তরসহ আওতাধীন দপ্তরসমূহে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের উন্নতমানের খাবার পরিবেশন; | ▪ অধিদপ্তর, সকল বিভাগীয় ও জেলা দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স ও সকল ফায়ার স্টেশন | |
| ২৪. | বিশেষ মোনাজাত/প্রার্থনা | ১৬.১২.২০২২ (বাদ আসর) | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল দপ্তর/ স্টেশনস্থিত মসজিদ/নামাজ ঘরে বিশেষ প্রার্থনা; | ▪ অধিদপ্তর<br>▪ বিভাগীয় দপ্তর.... (সকল)<br>▪ ট্রেনিং কমপ্লেক্স<br>▪ জেলা সদর দপ্তর.. (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |

০২। কর্মসূচি বাস্তবায়নকারী ও অংশগ্রহণকারীদের প্রতি নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের অনুরোধ জানানো হলো:

(ক) ফ্ল্যাগ রুলস-এ বর্ণিত বিধি অনুযায়ী সঠিকমাপে ও যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে এবং নামাতে হবে।

(খ) যে সকল কর্মসূচি বাস্তবায়নকালে শারীরিক উপস্থিতি আবশ্যক সেগুলো বাস্তবায়নকালে সকলকে ফেস মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে হবে।

(গ) তথ্য মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে মুক্তিযুদ্ধ ও জাতির পিতা শেখ মুজিবুর রহমানে এঁর জীবনীর উপর প্রামাণ্য চিত্র সংগ্রহ করতে হবে।

(ঘ) একই সময়ে জাতীয়/স্থানীয় প্রশাসনের কর্মসূচি থাকলে সে কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করত কর্মসূচি সমন্বয় করে নিতে হবে।

(ঙ) আওতাধীন অধিদপ্তরসমূহ সুরক্ষা সেবা বিভাগের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের সমন্বিত কর্মসূচি গ্রহণ করলে উক্ত কর্মসূচি প্রাধিকার পাবে;

০৩। এমতাবস্থায়, ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ মহান বিজয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

(স্বাক্ষরিত- )
মোঃ ওয়াহিদুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-২২৩৩৮৭৩১১

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২৩.০০৭.২০- ১৬০০৬

তারিখ- ২৩/৮/১৪২৯ বঃ
০৮/১২/২০২২ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):</u>

১। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ/১৫৬ প্রকল্প/২৫ (সংশোধিত-৪৬)প্রকল্প/১১মডার্ণ প্রকল্প/সেফার প্রকল্প /ডুবুরি সম্প্রসারণ প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক (অপাঃ ও মেইনঃ/উন্নয়ন/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা কোষ/প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ----------------(সকল)।
৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ------------(সকল)।

কর্মসূচিটি মাঠপর্যায়ে প্রেরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। কপিটি দাপ্তরিক ওয়েবসাইটে আপলোডকরণের জন্য অনুরোধ করা হলো।
১০। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড/অ্যাম্বুলেন্স/অপারেশন/তদন্ত/কেন্দ্রীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার শাখা/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ সেল/ফায়ার সেফটি সেল/এইচ আর এম ডাটা/আইসিটি সেল/মিডিয়া সেল/লিগ্যাল এন্ড এস্টেট সেল/গার্ড ফাইল/মাস্টার গার্ড ফাইল।

০৮/১২/২০২২

মোঃ ওয়াহিদুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)